রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০০৫

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

## প্রজ্ঞাপন

তারিখ, ১১ আষাঢ় ১৪১২/২৫ জুন ২০০৫

**এস, আর, ও নং ১৮৮ আইন/২০০৫।** - Pourashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 146, Third Schedule এর serial No. 22 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পৌরসভা (পরিদর্শন) বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার বিধি ২ এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ

"(খ)" 'পরিদর্শনকারী কর্মকর্তা' অর্থ-

(অ) স্থানীয় সরকার বিভাগের কোন কর্মকর্তা;
(আ) বিভাগীয় কমিশনার বা তাঁর অধীনস্থ অতিরিক্ত কমিশনার বা জেলা প্রশাসক বা তাঁহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি;
(ই) পরিচালক, স্থানীয় সরকার;
(ঈ) উপ-পরিচালিক, স্থানীয় সরকার (ডিডিএলজি);
(উ) পরিদর্শনের দায়িত্ব পালনের জন্য সরকার কর্তৃক নিযুক্ত যে কোন কর্মকর্তা, কর্মকর্তাবৃন্দ বা কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত টীম" ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ এইচ এম আবুল কাসেম
সচিব ।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত ।



মূল্যঃ টাকা ২.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা

স্মারক নং- পৌর-২/রুলস-২/২০০১(অংশ-১)/৫৬৭(৩৩৪) তারিখ ঃ ২২-০৬-২০০২

**বিষয় ঃ পৌরসভা (পরিদর্শন) বিধিমালা, ২০০২ প্রসংগে ।**

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত "পৌরসভা (পরিদর্শন) বিধিমালা, ২০০২" এর মুদ্রিত গেজেট কপি (এক প্রস্থ) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো ।
সংযুক্ত ঃ বর্ণনানুযায়ী ।

(জাকিয়া সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৮৬১৩৫৯৭

প্রাপক ঃ

**১ । মহা-পরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।**
২ । কমিশনার,..............................বিভাগ ।
৩ । জেলা প্রশাসক,................................ ।
৪ । উপ-পরিচালক, স্থানীয় সরকার,.......................... ।
৫ । চেয়ারম্যান/প্রশাসক....................পৌরসভা, জেলা................... ।
৬ । সিনিয়র সহকারী সচিব (পৌর-১/৩ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২১, ২০০২

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

**তারিখ ঃ ১৮ মার্চ ২০০২/ ৪ চৈত্র ১৪০৮**

এস, আর, ও নং ৫৩-আইন/২০০২/পৌর-২/রুলস-২/ ২০০১- Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 146, উক্ত Ordinance এর Third Schedule এর Serial No. 22 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম** ।- এই বিধিমালা পৌরসভা (পরিদর্শন) বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা** ।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

ক) ''ক শ্রেণীর পৌরসভা, খ শ্রেণীর পৌরসভা ও গ শ্রেণীর পৌরসভা" অর্থ পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৩ অনুযায়ী শ্রেণীবিন্যাসকৃত "ক শ্রেণীর পৌরসভা, খ শ্রেণীর পৌরসভা ও গ শ্রেণীর পৌরসভা";

খ) 'পরিদর্শনকারী কর্মকর্তা' অর্থ-

অ) স্থানীয় সরকার বিভাগের কোনো কর্মকর্তা;

আ) বিভাগীয় কমিশনার বা তাহার অধীনস্থ অতিরিক্ত কমিশনার বা জেলা প্রশাসক বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি;

ই) উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি);

ঈ) পরিদর্শনের দায়িত্ব পালনের জন্য সরকার কর্তৃক নিযুক্ত যে কোনো কর্মকর্তা, কর্মকর্তাবৃন্দ বা কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত টীম।

৩। **পৌরসভা পরিদর্শন** ।- বিধি (২) এর দফা (খ) এর-

ক) উপ-দফা (অ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা যে কোনো সময়ে যে কোনো পৌরসভা পরিদর্শন করিতে পারিবেন;

খ) উপ-দফা (আ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাহার স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত যে কোনো পৌরসভা যে কোনো সময়ে পরিদর্শন করিতে পারিবেন;

গ) উপ-দফা (ই) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাহার স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত 'ক' শ্রেণীর পৌরসভাসমূহ প্রতি পঞ্জিকা বৎসরে অন্যূন দুইবার পরিদর্শন করিবেন এবং তিনি অন্যান্য পৌরসভাও পরিদর্শন করিতে পারিবেন।

গ) উপ-দফা (ই) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাহার স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত 'ক' শ্রেণীর পৌরসভাসমূহ প্রতি পঞ্জিকা বৎসরে অন্যূন দুইবার পরিদর্শন করিবেন এবং তিনি অন্যান্য পৌরসভাও পরিদর্শন করিতে পারিবেন ।

ঘ) উপ-দফা (ঈ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা সংশিষ্ট জেলার 'খ' এবং 'গ' শ্রেণীর পৌরসভা প্রতি তিন মাসে অন্যূন একবার পরিদর্শন করিবেন ।

৪ । **পরিদর্শনকারী কর্মকর্তার ক্ষমতা ও কার্যাবলী** ।- (১) পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তা নিম্নবর্ণিত বিষয়াবলী পরীক্ষা করিবেন, যথাঃ-

ক) উল্লিখিত পৌরসভার সকল বহি, রেজিষ্টার, সভার কার্যবিরণী ও রেকর্ডপত্র;

খ) পৌরসভার নগদ তহবিল;

গ) পৌরসভার তহবিল যাচাইয়ের জন্য ব্যাংক জমার স্লিপ ও ব্যাংক ব্যালান্স যাচাইয়ের জন্য ব্যাংকের হাল নাগাদ বিবরণী (Bank Statement);

ঘ) পৌরসভার আয়-ব্যয় উল্লিখিত তাহার বিবেচনায় পরীক্ষা করা প্রয়োজন এইরূপ যে কোনো নথিপত্র;

ঙ) পৌরসভার কার্যাবলী Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) ও উহার অধীন প্রণীত বিধিমালা এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য আদেশ নির্দেশ ও পরিপত্র অনুসারে সম্পাদিত হইতেছে কি না;

চ) পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী বৃত্তান্ত;

ছ) বিধি বর্হিভূত ভাবে কোনো কর্মচারী নিয়োগ করা হইয়াছে কি না;

জ) পৌরসভার সকল স্থাবর সম্পত্তি;

ঝ) পৌরসভা কর্তৃক বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন সকল প্রকার কাজ ।

(২) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনকালে দৃষ্ট ব্যত্যয়সমূহ অবিলম্বে সরকারের গোচরে আনিবেন এবং যথাযথ সুপারিশ প্রদান করিবেন ।

৫ । **পরিদর্শন প্রতিবেদন** ।- ১) পরিদর্শনকারী কর্মকর্তা তাহার পরিদর্শনের সম্ভাব্য তারিখ পূর্বেই লিখিতভাবে উল্লিখিত পৌরসভাকে অবহিত করিবেন ।

২) পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনের পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং তাহার সুস্পষ্ট মন্তব্য লিপিবদ্ধ করিয়া অনতিবিলম্বে প্রতিটি পরিদর্শন প্রতিবেদনের কপি সরকার ও সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান বা জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন ।

৩) উপ-বিধি (১) এর অধীন প্রণীত প্রতিবেদন প্রেরণ ছাড়াও বিধি-২ এর দফা (খ) এর উপ-দফা (ঈ) এ উল্লিখিত পরিদর্শনকারী কর্মকর্তা তাহার পরিদর্শন প্রতিবেদনের একটি কপি সংশ্লিষ্ট বিভাগের উপ-পরিচালক, স্থানীয় সরকার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করিবেন ।

৬ । **পৌরসভার নথিপত্র, ইত্যাদি উপস্থাপন** ।- পরিদর্শনকারী কর্মকর্তার পরিদর্শন কাজে সকল প্রকার সহায়তা করা পৌরসভার কর্তব্য হইবে এবং এতদ্‌উদ্দেশ্যে পৌরসভার চেয়ারম্যান অথবা চেয়ারম্যান এর দায়িত্ব পালনকারী ব্যক্তি তাঁহার অধীনস্থ যে কোনো বা সকল কর্মকর্তা ও কর্মচারীকে তদ্রুপ আদেশ দান করিবেন ।

৭ । **সরকারের ক্ষমতা** ।- এই বিধিমালায় কোনো বিষয়ে সংশয় দেখা দিলে সরকার উহার ব্যাখ্যা প্রদান করিতে পারিবে এবং সে ক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

৮ । **রহিতকরণ** ।- Municipal Committee (Inspection) Rules, ১৯৬২ দ্বারা রহিত করা হইল ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, ওয়াই, বি, আই সিদ্দিকী
সচিব